

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১০১০

১/ বিবিধ

আরবী

الشفعة في العبيد، وفي كل شيء
ضعيف جدا

رواه أبو بكر الشافعي في " الفوائد " (3/18/2) وعنه ابن عساكر (13/185/2) وابن
عدي في " الكامل " (ق 243/2) والبيهقي (6/110) من طرق، عن عمر بن هارون
البلخي عن شعبة عن أبي بشر جعفر بن أبي وحشية عن سعيد بن جبير عن ابن عباس
مرفوعا، وقال ابن عدي: وهذا الحديث يعرف بعفان البلخي عن عمر ابن هارون،
ووثب عليه ابن حميد، رواه عن عمر بن هارون، وكان وثابا
كذا قال، وهو عند البيهقي من طريقين آخرين عن ابن هارون، وعند الشافعي من
طريق ثالثة عنه فلم ينفرد به عفان البلخي، فالصواب ما يقوله البيهقي: تفرد به عمر
بن هارون البلخي عن شعبة وهو ضعيف لا يحتج به
قلت: بل هو متروك شديد الضعف، قال الذهبي في " الضعفاء ": تركوه
وقال الحافظ في " التقريب ": متروك وكان حافظا

বাংলা

১০১০। অংশিদারের জন্য দাসকে ক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার রয়েছে। আর প্রতিটি বস্তুর ক্ষেত্রেই সে অধিকার রয়েছে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি আবু বাকর আশ-শাফেঈ "আল-ফাওয়াইদ" (৩/১৮/২) গ্রন্থে, তার থেকে ইবনু আসাকির (১৩/১৮৫/২), ইবনু আদী "আল-কামেল" (কাফ ২/২৪৩) গ্রন্থে ও বাইহাকী (৬/১১০) বিভিন্ন সূত্রে উমার ইবনু হারুণ আল-বালখী হতে, তিনি শুবাহ হতে, তিনি আবু বিশর জাফার ইবনু আবী ওয়াহশিয়াহ হতে, তিনি সাঈদ ইবনু জুবায়ের হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ এ হাদীসটি উমার ইবনু হারুণ হতে আফফান আল-বালখীর হাদীস হিসেবে চেনা যায়। ইবনু হুমায়েদ লাফ দিয়ে হাদীসটিকে উমার ইবনু হারুণ হতে বর্ণনা করেছেন। তিনি একজন বেশী লাফ-ঝাপ করার মতই ব্যক্তি ছিলেন।

হাদীসটি বাইহাকীর নিকট অন্য দুটি সূত্রে ইবনু হারুণ হতে বর্ণিত হয়েছে। আর শাফেঈর নিকট তৃতীয় একটি সূত্রে তার থেকেই বর্ণিত হয়েছে। আফফান আল-বালখী এককভাবে বর্ণনা করেননি। সঠিক হচ্ছে বাইহাকীর নিম্নের কথাঃ

উমার ইবনু হারুণ আল-বালখী শুবাহ হতে এককভাবে বর্ণনা করেছেন। তিনি দুর্বল, তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি মাতরুক, অত্যন্ত দুর্বল। হাফিয় যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তাকে মুহাদ্দিসগণ পরিত্যাগ করেছেন।

হাফিয় ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি মাতরুক অথচ তিনি হাফিয় ছিলেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71889>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন